সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

বিষয়: বাংলা

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান: ১০০**

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো :

১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর। আমাদের জাতীয় জীবনের একটি গুরুত্বপূর্ণ দিন। এই দিন আমরা দেশকে পুরোপুরি শত্রুমুক্ত করে বিজয় অর্জন করি। এই বিজয়কে পাওয়ার আগে দেশবাসীকে করতে হয় এক মরণপণ মুক্তিযুদ্ধ। আমাদের সাহসী বীর মুক্তিযোদ্ধারা যুদ্ধ করেছেন পাকিস্তানি শত্রুসেনাদের বিরুদ্ধে। দেশের অন্য সব সাধারণ মানুষ তাঁদের জুগিয়েছেন ভরসা ও সাহস। অপেক্ষা করেছেন শত্রুর হাত থেকে সম্পূর্ণ মুক্ত হওয়ার। সশস্ত্র যুদ্ধে আমাদের মুক্তিসেনারা প্রাণ দেন। আর দেশের ভিতরে অবরুদ্ধ জীবনযাপন করতে করতে প্রাণ দেন এদেশের লক্ষ লক্ষ মানুষ। তাঁরা ছিলেন নানা পেশার – কেউ ছাত্র, কেই, কেউ মজুর, কেউ পুলিশ, কেউ সৈনিক। আরও ছিলেন শিক্ষক, সাংবাদিক, সরকারি কর্মকর্তা ও নানা পেশার লোক। লক্ষ রক্ষ নারী-পুরুষ-শীশুর রক্তে ভেজা আমাদের স্বাধীনতা। তাঁদের প্রাণের বিনিময়েই আমরা আজ মুক্ত স্বাধীন দেশে উন্নত শিরে জীবনযাপন করতে পারছি। আমরা কৃতজ্ঞ তাঁদের কাছে। সেই অসংখ্য মহান আত্মদানকারীদের কয়েকজনের কথা আমরা জেনে নিব।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : **১ × ৫ = ৫**

১. আমাদের বিজয় দিবস কত তারিখে?

ক) ২১শে ফেব্রুয়ারি খ) ৭ই মার্চ গ) ২৬শে মার্চ ঘ) ১৬ই ডিসেম্বর

২. দেশকে রক্ষা করার জন্য কারা যুদ্ধ করেছেন?

ক) আলবদর খ) মুক্তিযোদ্ধা গ) আল শামস ঘ) রাজাকার

৩. 'আত্মদানকারী' শব্দের অর্থ কী?

ক) অন্যের জীবন হনন করেছেন যিনি খ) নিজের জীবন রক্ষা করেছেন যিনি

গ) অন্যের জীবন ধ্বংস করেছেন যিনি ঘ) নিজের জীবন উৎসর্গ করেছেন যিনি

৪. ১৬ই ডিসেম্বরকে কী দিবস বলা হয়?

ক) স্বাধীনতা দিবস খ) বিজয় দিবস গ) শহিদ বুদ্ধিজীবী দিস ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

৫. কারা শত্রুসেনাদের বিরুদ্ধে মুক্তিযোদ্ধাদের লড়াই করার সাহস ও ভরসা জুগিয়েছেন?

ক) হানাদার বাহিনী খ) রাজাকার গ) সাধারণ মানুষ ঘ) বুদ্ধিজীবী

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : **১ + ২ + ২ = ৫**

ক) মুক্তিযোদ্ধারা কাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন?

খ) ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর আমাদের জাতীয় জীবনে একটি গুরুত্বপূর্ণ দিন কেন?

গ) মুক্তিযুদ্ধে দেশের সাধারণ মানুষ মুক্তিযোদ্ধাদের কীভাবে সাহায্য করেছিলেন?

৩। নিচের শব্দগুলোর অর্থ লেখ : **৫**

অবরুদ্ধ, যুদ্ধ, মরণপণ, শত্রু, কৃতজ্ঞ।

৪। প্রদত্ত অনুচ্ছেদের সারাংশ লেখ। **৫**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নং ক্রমিক প্রশ্নগুলোর উত্তর লেখ :

ঈশ্বচন্দ্র বিদ্যাসাগর তখন কলকাতয় চাকরি করেন। একদিন বিকেলবেলা মায়ের চিঠি এলো বিদ্যাসাগরের কাছে। মা লিখেছেন , 'বাবা' আমি অসুস্থ। তুমি শ্রীঘ্র গ্রামে এসো। তোমাকে দেখতে মন চাচ্ছে' । চিঠি পড়ে বিচলিত হলেন বিদ্যাসাগর। সকল কাজকর্ম স্থগিত রেখে বাড়ির পথ রওয়ানা দিলেন। কলকাতা থেকে তার গ্রামে যাওয়ার সরাসরি কোনো রাস্তা নেই। পাথরে মাঝখানে পড়বে দামোদর নদ। তখন বর্ষাকাল। গভীর রাত্রে বিদ্যাসাগর এলেন সেই নদের খূরে। ঘাটে কোনো নৌকা নেই। মাঝিরা ফিরে গেছে যে যার বাড়িত। বিদ্যাসাগর ঝাঁপিয়ে পড়লেন পানিতে, সাঁতরে পাড়ি দিরেন দামোদর নদ। পরদিন ভোরবেলাতিনি নিজ গ্রামে মায়ের কাছে পৌঁছান। এই ঘটনাটি মাতৃপ্রমের এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : **১ × ৫ = ৫**

১. অনুচ্ছেদের মূল বিষয়বস্তু কী?

ক) কর্তব্যবোধ খ) মানবপ্রেম গ) মাতৃভক্তি ঘ) সাহসিকতা

২. ঈশ্বচন্দ্র বিদ্যাসাগর বিচলিত হলেন কেন?

ক) মা অসুস্থ বলে খ) বর্ষাকাল বলে গ) মা চিঠি দিয়েছেন বলে ঘ) মাঝি ছিল না বলে

৩. 'ঈশ্বচন্দ্র' শব্দটি 'শ্ব' যুক্তবর্ণটিতে যে যে বর্ণ আছে –

ক) শ্ +ধ খ) শ্ + ক গ) শ্ + ব ঘ) স্ + ব

৪. 'দৃষ্টান্ত' শব্দটি অর্থ কী?

ক) দূরদৃষ্টি খ) উদাহরণ গ) দৃষ্টির অন্ত ঘ) জনপ্রিয়

৫. বিদ্যাসাগর কখন মায়ের কাছে পৌঁছান?

ক) ভোরবেলা খ) দুপুরবেলা গ) সন্ধ্যাবেলা ঘ) গভীর রাতে

৬। নিচে কয়কটি শব্দ ও শব্দার্থ দেয়া হলো। নিচের বাক্যগুলোর শূণ্যস্থানে উপযুক্ত শব্দটি বসিয়ে উত্তরপত্রে লেখ : **৫**

শব্দ	শব্দার্থ
রওয়ানা	যাত্রা করা
বিচলিত	ব্যাকুল, বিন্তিত
স্থগিত	ক্ষান্ত, মুলতবি
কূল	তীর
দামোদর	একটি নদের নাম
অসুস্থ	রোগে আক্রান্ত, পীড়িত

ক) বিপদে ----------------- না হয়ে ধৈর্য ধারণ করতে হবে।

খ) ------------------- ছিলাম তাই স্কুলে আসতে পারিনি।

গ) সবকিছু ------------------- রেখে পরীক্ষার পড়ায় মন দাও।

ঘ) বৃষ্টির থামার পর আমরা ------------------- হলাম।

ঙ) নদীর -------------------- ধরে আমরা হেঁটে চললাম।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : **৩ × ৫ = ১৫**

ক) মায়ের চিঠি পড়ে ঈশ্বচন্দ্র বিদ্যাসাগরের মনের অবস্থা কেমন হয়েছিল?

খ) ঈশ্বচন্দ্র বিদ্যাসাগরের বাড়ি যাওয়ার পথটি কেমন ছিল?

গ) কোন বিষয়টি ঈশ্বচন্দ্র বিদ্যাসাগরকে নদীতে ঝাঁপিয়ে পড়ার সাহস জুগিয়েছিল?

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা করো। ১০

ক) ক্ট খ) ষ্ণ গ) ণ্ঠ ঘ) হ্ন ঙ) ঞ্জ

৯। উপযুক্ত স্থানে বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি তোমার উত্তরপত্রে লেখো : ৫

মামা বললেন এটা শখের হাঁড়ি শখ করে পছন্দের জিনিস এই সুন্দর হাঁড়িতে রাখা হয় তাই এর নাম শখের হাঁড়ি। তাছাড়া শখের যেকোনো জিনিসই তো সুন্দর

১০। নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখো : ১×৫=৫

ক) আমরা বড়দের সম্মান **করিব**।

খ) বাঘের গলায় হাড় **বিঁধিল**।

গ) সে কম্পিউটারে ছবি **আঁকিতেছে**।

ঘ) শ্রেণিকক্ষে হে চৈ **করিওনা**।

ঙ) সূর্যের আলো তার মুখে **আসিয়া** পড়ল।

১১। নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখো : ১×৫=৫

ক) নদী খ) পৃথিবী গ) পাহাড় ঘ) চাঁদ ঙ) কিরণ

১২। উদ্ধৃতাংশটুকু পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:

দোয়েল কোয়েল ময়না কোকিল
সবার আছে গান
পাখির গানে পাখির সুরে
মুগ্ধ সবার প্রাণ।
সাগর নদীর উর্মিমালার
মন ভোলানো সুর
নদী হচ্ছে স্রোতস্বিনী
সাগর সমুদ্দুর।

ক) পাখির গান সবার প্রাণ মুগ্ধ কেন? ২

খ) কবিতাংশের মূলভাব নিজের ভাষায় লেখ। ৫

গ) কবিতাংশে প্রকাশিত পাখিরগুলোর গান আছে বলা হয়েছে কেন? ৩

১৩। ধর, তুমি রহিম। তোমার জন্ম নিবন্ধন কার্ডের প্রয়োজন। তোমার তথ্যাদি দিয়ে একটি আবেদন ফরম পূরণ করতে হবে। ৫

জন্ম নিবন্ধন ফরম

১. পূর্ণ নাম :

২. পিতার নাম :

৩. মাতার নাম :

৪. জন্ম তারিখ :

৫. জাতীয়তা :

৬. জন্মস্থান :

৭. স্থায়ী ঠিকানা :

৮. বর্তমান ঠিকানা :

৯. মোবাইল নম্বর :

আমি নিম্নস্বাক্ষারকারী এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরোক্ত তথ্যাদি সঠিক।

.... তারিখ ....

আবেদনকারীর স্বাক্ষর

১৪। মনে কর, তোমার নাম জুয়েল / সুর্বণা। তোমার বাড়ি ময়মনসিংহের হালুয়াঘাট এলাকায়। তোমার বাবার নাম রফিকুল ইসলাম। তিনি ঢাকায় থাকেন। তুমি এবার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যে প্রস্তুতি গ্রহণ করেছ তা জানিয়ে তোমার পিতার নিকট একখানা পত্র লেখ। ৫

১৫। নিচের যে কোন ১টি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখো : ১০

ক) প্রিয় ঋতু। [ভূমিকা, পরিচিত, কেন প্রিয়, সুবিধা-অসুবিধা, উপসংহার।]

খ) ময়নামতি। [ভূমিকা, অবস্থান, প্রতিষ্ঠান ইতিহাস, আবিষ্কৃত নিদর্শনসমূহ, ঐতিহাসিক নিদর্শন, উপসংহার।]

গ) স্মরণীয় যাঁরা চিরদিন। [ভূমিকা, ২৫-এ মার্চের পর বুদ্ধিজীবীদের নিধ, স্বাধীনতা লাভের ঠিকপূর্বে বুদ্ধিজীবী নিধন, মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে পাকবাহিনীর নিধনষজ্ঞ, উপসংহার।]

ঘ) তোমার প্রিয় কবি। [ভূমিকা, জন্ম ও শৈশব, কবি জীবন, অসুস্থা ও মৃত্যু, উপসংহার।]